

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
বাজেট ও অডিট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.minland.gov.bd

স্মারক নং-৩১.০০.০০০০.০৩৮.০১.০৩৬.২০১৬.২৮

তারিখ : ১৫/১০/২০১৭ খ্রি:

বিষয় : অতিরিক্ত জেলা প্রশাসক (এল.এ) মুন্সীগঞ্জ কার্যালয়ের ২০১৩-২০১৫ সনের নিরীক্ষায় পরিলক্ষিত ০৪ টি গুরুতর আর্থিক অনিয়ম সম্পর্কিত অগ্রিম অনুচ্ছেদ।

সূত্র : স্মারক নং-২১০১/রাজস্ব-২/অঃঅনু/২০১৩-১৫/৬৫, তারিখ:২৬/০৪/২০১৬খ্রিঃ স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, ঢাকা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর অতিরিক্ত জেলা প্রশাসক (এল.এ) মুন্সীগঞ্জ কার্যালয়ের ২০১৩-২০১৫ সনের নিরীক্ষায় নিম্নবর্ণিত ০৪ টি আপত্তি উত্থাপন করেছেন :

ক্রমিক নং	অনুচ্ছেদ নং ও সন	আপত্তির শিরোনাম
১	অনুচ্ছেদ-০১ সন-২০১৩-২০১৫খ্রিঃ	এ্যাওয়াড়িদের দাবীকৃত/অধিগ্রহণকৃত ১নং খতিয়ানের সরকারী খাস জমির মূল্য ও ক্ষতিপূরণ বাবত ৩৩,৫৬,০৫,৫৩৬/- টাকা সরকারী কোষাগারে জমা করা হয় নাই।
২	অনুচ্ছেদ-০২ সন-২০১৩-২০১৫খ্রিঃ	চূড়ান্ত প্রতিবেদনে নাল জমির জরিমান অতিরিক্ত প্রদর্শন করে ক্ষতিপূরণ বাবদ ১০,০৫,৮৯২/- টাকা অতিরিক্ত পরিশোধ করায় সরকারের রাজস্ব ক্ষতি।
৩	অনুচ্ছেদ-০৩ সন-২০১৩-২০১৫খ্রিঃ	এ্যাওয়াড়িদের ক্ষতিপূরণের চূড়ান্ত প্রতিবেদনের পর জমির শ্রেণী নাল এর পরিবর্তে ভিটি বাড়ী দেখিয়ে ১২,৪৪,৭৯৬/- টাকা অতিরিক্ত পরিশোধ করায় রাজস্ব ক্ষতি।
৪	অনুচ্ছেদ-০৪ সন-২০১৩-২০১৫খ্রিঃ	এ্যাওয়াড়িদের জমির ক্ষতিপূরণ বিল পরিশোধের ক্ষেত্রে আয়কর বাবত ২০,০৭,৩২৫/- টাকা সরকারী কোষাগারে জমা করা হয় নাই।

এমতাবস্থায়, উপরোক্ত অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট অগ্রিম অনুচ্ছেদটির ছায়ািলিপি প্রেরণপূর্বক আপত্তিকৃত সমুদয় টাকা আদায়করতঃ সরকারী কোষাগারে জমার স্বপক্ষে সত্যায়িত ড্রেজারী চালান (সি,টি,আর) এবং নিষ্পত্তিমূলক ব্রডশীট জবাব বিভাগীয় কমিশনার মহোদয়ের মন্তব্যসহ আগামী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:১২ (বার) পাতা।

জেলা প্রশাসক
মুন্সীগঞ্জ।

স্বা/-
(মোছাঃ সেলিনা সুলতানা)
সহকারী সচিব
ফোন : ৯৫৪০০৫০

স্মারক নং-৩১.০০.০০০০.০৩৮.০১.০৩৬.২০১৬.২৮/১(৮)

তারিখ : ১৫/১০/২০১৭ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হলো :

- ০১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০২। মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৪। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। পত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ০৫। সহকারী কমিশনার (ভূমি) উপজেলা ভূমি অফিস মুন্সীগঞ্জ।
- ০৬। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। অফিস কপি।
- ০৮। মাস্টার কপি।

স্বা/-
(মোছাঃ সেলিনা সুলতানা)
সহকারী সচিব
ফোন : ৯৫৪০০৫০(অঃ)